

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দিঘলিয়া, খুলনা  
[www.digholia.khulna.gov.bd](http://www.digholia.khulna.gov.bd)

বিষয় : দিঘলিয়া উপজেলার আইসিটি বিষয়ক কমিটির এপ্রিল-২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সূজন দাশ গুপ্ত, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া, খুলনা।

সভার তারিখ : ২১-০৪-২০২৬ খ্রি. সময়: সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী এবং বর্তমান সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	আইসিটি ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
০২	দিঘলিয়া উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে অত্র উপজেলাধীন ০৬ টি ইউনিয়ন এর ওয়েব পোর্টালের অসম্পূর্ণতা দূত সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ), উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা।
০৩	দিঘলিয়া উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা জানান যে তাদের (ছয়টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে) আনুমানিক ১,৫৫,০০০/- টাকা মাসিক আয় হয়।	ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা।
০৪	দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
০৫	দিঘলিয়া উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইনে পর্চা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ) দিঘলিয়া, খুলনা।
০৬	প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা Facebook, Twitter ইত্যাদিতে কোন বিকৃত পোস্ট/ মন্তব্য না করা এবং Facebook, Twitter ইত্যাদি ব্যবহারের নীতিমালা অনুসরণ করে পোস্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭	ইন্স্টাবিলিশিং ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওতায় আইসিটি ডি-সেট সেন্টার নির্মাণের জন্য উপজেলা পরিষদ ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণের কাজ ৮৭% শেষ হয়েছে মর্মে সকলকে জানানো হয়।	এল জি ই ডি, দিঘলিয়া, খুলনা ও উপজেলা প্রশাসন, দিঘলিয়া, খুলনা।

০৮	ইন্স্টাবিলিশিং ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওতায় ইন্টারনেট সংযোগ গ্রহনকারী ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরীত হয়েছে।	সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল) ও উপজেলা প্রশাসন, দিঘলিয়া, খুলনা।
----	---	--

অতঃপর আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ  
(সুজন দাশ গুপ্ত)  
উপজেলা নির্বাহী অফিসার  
দিঘলিয়া, খুলনা  
E-mail: [unodigholia@mopa.gov.bd](mailto:unodigholia@mopa.gov.bd)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা।
২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিঘলিয়া, খুলনা।
২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ..... দিঘলিয়া, খুলনা।
৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।

স্মারক নং: ০৫.৪৮.৪৭৪০.০০০.১৯.০০৪.২৬-২৯৭/১

তারিখ: ২৩-০৪-২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৫. ...., দিঘলিয়া, খুলনা।
৬. অফিস কপি।



২৩-০৪-২৬

(সুজন দাশ গুপ্ত)  
উপজেলা নির্বাহী অফিসার  
দিঘলিয়া, খুলনা  
E-mail: [unodigholia@mopa.gov.bd](mailto:unodigholia@mopa.gov.bd)